

💵 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশঃ (৬৭) সালাফে সালেহীন তথা পূর্ববর্তী সৎকর্মশীল ইমামগণ الاستواء অর্থাৎ আরশের উপর আল্লাহ্ তা'আলার সমুন্নত হওয়া সম্পর্কে কি বলেছেন?

উত্তরঃ সালাফে সালেহীনের সমস্ত ইমাম এ ব্যাপারে একমত যে, আরশের উপরে আল্লাহর সমুন্নত হওয়া একটি জানা বিষয়। এর পদ্ধতি কেউ অবগত নয়। তার উপরে ঈমান আনয়ন করা ওয়াজিব। তবে এব্যাপারে জিজ্ঞাসা করা বিদ্আত। আল্লাহর পক্ষ হতে আমাদের জন্য রিসালাত এসেছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহিল ওয়া সাল্লাম তা উম্মাতের নিকট পৌছিয়ে দিয়েছেন। আমাদের কর্তব্য হচ্ছে তা বিশ্বাস করা ও মেনে নেয়া। পূর্ববর্তী সংকর্মপরায়ণ ইমামগণ সকল আসমা ও সিফাতের (নাম ও গুণাবলীর) আয়াত ও হাদীছসমূহের ক্ষেত্রে এ কথাই বলেছেন। আল্লাহ্ তাআলা বলেনঃ

"আর যারা জ্ঞানে সুগভীর তারা বলেনঃ আমরা তার প্রতি ঈমান আনয়ন করেছি। সবই আমাদের প্রতিপালকের পক্ষ হতে"। (সূরা আল-ইমরানঃ ৭) আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

''আমরা ঈমান এনেছি আল্লাহর প্রতি। আর আপনি সাক্ষী থাকুন যে, আমরা মুসলমান''। (সূরা আল-ইমরানঃ ৫২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11881

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন